# জরুরী ব্রেস্ট ইউনিট রেফারেলের জন্য রোগীর তথ্য

## আপনার GP কেন আপনাকে হাসপাতালে রেফার করেছে এবং আপনার কী করা প্রয়োজন তা এই তথ্য পত্রটি ব্যাখ্যা করে

### আমাকে কেন জরুরীভাবে ব্রেস্ট ইউনিটে রেফার করা হয়েছে?

আপনার GP মনে করেন যে ক্যান্সারের সম্ভাবনাকে খারিজ করার জন্য আপনার ব্রেস্টের উপসর্গগুলিকে আরও অনুসন্ধান করে দেখার প্রয়োজন আছে। আপনার GP জাতীয় নির্দেশিকা অনুসরণ করেছেন, যেখিতে বলা হয়েছে যে রোগীদের যত তাড়াতাড়ি সম্ভব দেখা যায় তা নিশ্চিত করতে হবে।

### এর মানে কী আমার ব্রেস্ট ক্যানসার হয়েছে?

জরুরী রেফারেল থাকার মানে এই নয় যে আপনার ক্যান্সার আছে। বেশিরভাগ  ব্যক্তি, যাঁদের জরুরীভাবে সুপারিশ করা হয় তাঁদের অনেকেরই ক্যানসার থাকে না। তবে, আপনার স্তনের উপসর্গের কারণ খুঁজে বের করতে আপনাকে দ্রুত একজন বিশেষজ্ঞের সাথে দেখা করতে হবে বা কিছু অনুসন্ধান করতে হবে বলে আপনাকে রেফার করা হয়েছে। সেক্ষেত্রে যদি দেখা যায় যে ক্যানসার ধরা পড়েছে, তাহলে প্রাথমিক পর্যায়ে রোগ ধরা পড়ার অর্থ হলো সেটির চিকিৎসার কার্যকর হওয়ার আরও বেশি সম্ভাবনা। অতএব, রেফার করার 4 সপ্তাহের মধ্যে আপনার নিজেকে দেখানো গুরুত্বপূর্ণ।

### আমার কী করা প্রয়োজন?

- আপনার GP -এর কাছে আপনার সঠিক ঠিকানা এবং টেলিফোন নম্বর সহ একটি মোবাইল নম্বর আছে কিনা তা নিশ্চিত করুন।
- **এই সুপারিশটা জরুরি। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আগামী 28 দিনের** মধ্যে আপনি একটি অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকতে পারবেন। আপনি যদি আগামী চার সপ্তাহের মধ্যে অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকতে না পারেন, তাহলে অনুগ্রহ করে আপনার GP-কে তা জানান।
- আপনার যদি অনুবাদকের প্রয়োজন হয়, অ্যাক্সেস সংশ্লিষ্ট কোনও প্রয়োজনীয়তা থাকে বা আপনি যদি কোনও নারী কনসাল্টেন্ট চান, তাহলে অনুগ্রহ করে হাসপাতালকে সেই কথা আপনার অ্যাপয়েন্টমেন্টের আগেই জানান।
- আপনার জরুরী অ্যাপয়েন্টমেন্ট নিতে সম্মত হয়ে গেলে তাতে উপস্থিত থাকা আপনার জন্য গুরুত্বপূর্ণ, যাতে আপনার কেয়ারে দেরি না হয়।
- আপনি যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বজায় রাখতে না পারেন তাহলে অনুগ্রহ করে অবিলম্বে হাসপাতালকে তা জানান এবং সেক্ষেত্রে একটি বিকল্প ব্যবস্থা করা যেতে পারে।
- আপনি দুবার আপনার হাসপাতালের অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত না থাকলে আপনাকে আপনার GP-র কাছে ফেরত পাঠানো হবে। এটি এ কারণে করা হবে যাতে অন্য কেউ অ্যাপয়েন্টমেন্ট পেতে পারে

### এরপর কী হবে?

হাসপাতালের ব্রেস্ট ইউনিট আপনাকে ডাকযোগে, টেলিফোন বা টেক্সটের মাধ্যমে আপনার অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে আপনাকে জানাবে। আপনি যদি আপনার GP-কে দেখানোর এক সপ্তাহের মধ্যে তাদের কাছ থেকে কোনো খবরাখবর না পেয়ে থাকেন তাহলে অনুগ্রহ করে আপনার GP প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন। বা, আপনি যদি জানেন যে আপনাকে কোন হাসাপাতালে সুপারিশ করা হয়েছে, তাহলে আপনি তাদের পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াজন সার্ভিসেস (PALS) বিভাগেযোগাযোগ করতে পারেন।

আপনার সাপোর্টের জন্য বা মেডিকেল টিম আপনার সাথে কী আলোচনা করবে তা বোঝার বিষয়ে আপনার চিন্তা থাকলে আপনি আপনার কোনও বন্ধু বা পরিবারের সদস্যকে অ্যাপয়েন্টমেন্টে আপনার সাথে আনতে চাইতে পারেন।  দর্শনার্থী সম্পর্কিত নির্দেশিকার জন্য অনুগ্রহ করে আপনার অ্যাপয়েন্টমেন্ট লেটারটি চেক করুন।

**আমার অ্যাপয়েন্টমেন্টে কী হবে?**
ব্রেস্ট ক্লিনিকে পৌঁছে রিসেপশনে আপনার নিবন্ধন করতে হবে। তারপরে আপনাকে একজন ডাক্তার বা নার্স দেখবেন যিনি স্তন রোগের একজন বিশেষজ্ঞ এবং আপনার যেকোনো উদ্বেগের কথা শুনবেন। তারা আপনার উপসর্গ সম্পর্কে জানতে চাইবেন, আপনাকে পরীক্ষা করবেন এবং কিছু পরীক্ষার ব্যবস্থা করবেন। ব্রেস্ট টিম অ্যাপয়েন্টমেন্টের দিনেই সকল পরীক্ষা করাতে চাইবে, ফলে অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার তিন ঘন্টা সময় দিতে হবে।

আপনার ভিজিটের তিনটি অংশ থাকবে:

1. আপনার উপসর্গ নিয়ে আলোচনা করতে এবং শারীরিক পরীক্ষা করার জন্য আপনার ডাক্তার বা নার্সের সাথে দেখা করা।
2. স্তন(গুলো)-এর ইমেজিং করা। যে ইমেজিং পরীক্ষাগুলি করতে হবে সেগুলির ধরণ সাধারণত বয়সের উপর নির্ভর করে। 40 বছরের বেশি বয়সী নারীদের জন্য সাধারণত ম্যামোগ্রাম (স্তনের একটি এক্স-রে) করা হয়। আল্ট্রাসাউন্ড স্ক্যানের (উষ্ণ জেলিতে আবৃত একটি প্রোব যা স্তনের উপর দিয়ে চালানো হয়) প্রয়োজন হতে পারে। 40 বছরের কম বয়সী নারীদের জন্য সাধারণত শুধুমাত্র আল্ট্রাসাউন্ড স্ক্যান করারই পরামর্শ দেওয়া হয়। মাঝে মাঝে 40 বছরের কম বয়সী নারীদের ম্যামোগ্রামের প্রয়োজন হয়।
3. আপনার পরীক্ষা এবং ইমেজিং-এর ফলাফলের উপর নির্ভর করে বায়োপসি (স্তন কোষ বা টিস্যুর ছোট নমুনা) করা হতে পারে। ডাক্তার/নার্স এই পদ্ধতিটি করার দিন এই পদ্ধতি সম্পর্কে আরও ব্যাখ্যা করবেন।

আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় আপনাকে কোমর থেকে মাথার দিকের অর্থাৎ উর্ধাঙ্গের কাপড় খুলতে বলা হবে এবং তাই আমরা আপনাকে স্কার্ট বা ট্রাউজার সহ টপের মতো আলাদা পোশাক পরার পরামর্শ দিই। ডিওডোরেন্ট এবং ট্যালকম পাউডার ম্যামোগ্রামের গুণমানকে প্রভাবিত করতে পারে, তাই আপনার অ্যাপয়েন্টমেন্টের দিন অনুগ্রহ করে এগুলো ব্যবহার করবেন না। অথবা ম্যামোগ্রামের প্রয়োজন হলে সেগুলো ধুয়ে ফেলতে পারেন।

**আমি আমার ফলাফল কখন জানতে পারবো?**
ইমেজিংয়ের ফলাফল (ম্যামোগ্রাম এবং/অথবা আল্ট্রাসাউন্ড স্ক্যান) সাধারণত ক্লিনিকে থাকাকালীন জানতে পারা যায়। আপনার যদি বায়োপসি করা হয় তাহলে আপনাকে প্রায় আগামী সপ্তাহে ফলাফল জানার জন্য আসতে বলা হবে।

**কোন প্রশ্ন আছে?**
হাসপাতালে রেফারেল সম্পর্কে আপনার কোনও উদ্বেগ বা প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার GP এর সাথে যোগাযোগ করুন।

**আরো তথ্য**
আপনি প্রক্রিয়া এবং অ্যাপয়েন্টমেন্টের তথ্যের আরও বিস্তারিত বিবরণের জন্য নীচের ওয়েবসাইটটি অ্যাক্সেস করতে পারেন বা ব্রেস্ট ক্যান্সার নাউ হেল্পলাইনে 0808 800 6000 নম্বরে কল করতে পারেন।

**ব্রেস্ট ক্যান্সার নাউ** https://breastcancernow.org/information-support/facing-breast-cancer/mammogram-breast-ultrasound

এই লিফলেটটি লন্ডন পেশেন্ট গ্রুপ এবং ট্রান্সফর্মিং ক্যান্সার সার্ভিসেস টিম ফর লন্ডন আপডেট করেছে।

**আপনার অনুসন্ধান এবং ফলাফলের জন্য একটি আনুমানিক টাইমলাইন নীচে দেওয়া হয়েছে তবে আপনার লক্ষণগুলি জটিল হলে বা আপনার একাধিক পরীক্ষার প্রয়োজন হলে এটি আরও দীর্ঘ হতে পারে।**

ডায়াগনোসিস বা ক্যান্সারের সম্ভাবনাকে খারিজ করা
28 দিন

হসপিটালের অ্যাপয়েন্টমেন্ট।
14 দিন

চিকিৎসা করার সিদ্ধান্ত
31 দিন

প্রথম চিকিৎসা
62 দিন

**GP সুপারিশ**

একজন স্তন বিশেষজ্ঞের সাথে অ্যাপয়েন্টমেন্ট এবং কিছু পরীক্ষা করানোর জন্য আপনার GP আপনাকে হাসপাতালের ব্রেস্ট ইউনিটে রেফার করবেন

**হসপিটালের অ্যাপয়েন্ট**

আপনার GP বা হাসপাতাল একজন স্পেশ্যালিস্টের সঙ্গে জরুরি অ্যাপয়েন্টমেন্ট এবং আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য নির্দেশাবলির ব্যবস্থা করবে। অনুগ্রহ করে এই অ্যাপয়েন্টমেন্টকে প্রাধান্য দেবেন।

আপনার অ্যাপয়েন্টমেন্টে একজন স্তন বিশেষজ্ঞের সাথে আপনার লক্ষণগুলি নিয়ে আলোচনা করা হবে এবং শারীরিক পরীক্ষা করা হবে। আপনি আপনার সাথে পরিবারের কোনও সদস্য বা বন্ধুকে আনতে পারেন

**অতিরিক্ত পরীক্ষা-**

ব্রেস্ট টিম আপনার উপসর্গের কারণ নির্ণয় করার জন্য কিছু পরীক্ষার ব্যবস্থা করবে এবং অ্যাপয়েন্টমেন্টের দিনেই সকল পরীক্ষা করার চেষ্টা করবে।

বাড়তি আরও যেসব পরীক্ষাগুলি হতে পারে সেগুলি হলো ম্যামোগ্রাম, আল্ট্রাসাউন্ড এবং/অথবা বায়োপসি

**ফলাফল**

আপনি ক্লিনিকে থাকাকালীন ইমেজিংয়ের ফলাফল সাধারণত জানতে পারা যায়। বায়োপসির ক্ষেত্রে ফলাফল জানার জন্য আপনাকে আনুমানিক আগামী সপ্তাহে যোগাযোগ করা হবে বা আসতে বলা হবে।

**ক্যান্সার নির্ণয় করা হয়েছে**

আপনার ক্যানসার ধরা পড়েছে তা জানানোর জন্য আপনার স্তন বিশেষজ্ঞ আপনার সঙ্গে যোগাযোগ করবেন এবং আপনার চিকিৎসা নিয়ে আলোচনা করবেন

আপনার চিকিৎসা শুরু হলে আপনি কী প্রত্যাশা করতে পারেন এবং কোথায় আপনি আরও সহায়তা পেতে পারেন সেই সব ব্যাপারে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার ক্যানসার কেয়ার টিম ও আপনার GP সেগুলির উত্তর দেবেন।

**ক্যান্সারের সম্ভাবনা খারিজ করা হয়েছে**

আপনার স্তন বিশেষজ্ঞ আপনার ক্যান্সারের সম্ভাবনা খারিজ করা হয়েছে এবং এরপর কী ঘটবে তা আপনাকে জানাতে পত্র লিখবেন

এরপরেও আপনার এমন কোনও উপসর্গ থাকতে পারে যা পরীক্ষা করে দেখার প্রয়োজন হতে পারে এবং এগুলি যদি থেকে যায় বা আরও গুরুতর আকার ধারণ করে তাহলে আপনাকে অবশ্যই